গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, সিলেট।

**০৮/১২/২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত ১১ম সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ আজমল হোসেন
পরিচালক
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, সিলেট।

সভার স্থান : পরিচালক মহোদয়ের অফিস কক্ষ
তারিখ : ০৮-১২-২০২২ খ্রি.
সময় : সকাল-১০.৩০ টা

**সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।**

সভার সভাপতি উপস্থিত সকল কর্মকর্তা/কর্মচারীগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে হিসাবরক্ষণ অফিসার (গ্রেড-২) ১০ম সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করেন। সভায় নিম্নে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি/ফলাফল | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | মাসিক রিপোর্ট | সহকারী কল্যাণ অফিসার জনান যে, নভেম্বর/২২ পর্যন্ত সকল ধরণের মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | মাসিক, ত্রৈমাসিক ও অর্ধবার্ষিক প্রতিবেদন প্রধান কার্যালয়ে যথাসময়ে প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী কল্যাণ অফিসার |
| ২. | বিভিন্ন অনুদানের অর্থ ইএফটি | চিকিৎসা, যৌথবীমা, দাফন ও শিক্ষাবৃত্তি অনুদানের অর্থ অনুমোদনের নোট/ কার্যবিবরণী স্বাক্ষরের তারিখের পরবর্তি ০৩ কার্যদিবসের মধ্যে আবেদনকারীর ব্যাংক হিসাবে প্রেরণের জন্য ব্যাংকে ইএফটি তালিকা প্রেরণ করা হয়েছে। | যেসকল অনুদানের অর্থ ইএফটির মাধ্যমে প্রদান করা হয় সেসকল অনুদানের অনুমোদনের তালিকা স্বাক্ষরের পরবর্তি ০৩ কার্যদিবসের মধ্যে আবেদনকারীর ব্যাংক হিসাবে প্রেরণের জন্য ব্যাংকে ইএফটি তালিকা প্রেরণ করতে হবে। | হিসাবরক্ষক<br>হিসাবরক্ষণ অফিসার |
| ৩ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | এ কার্যালয়ের তথ্য বাতায়ন হালনাগাদ করা হয়েছে এবং পর্যায়ক্রমে সব তথ্য হালনাগাদ করা হচ্ছে মর্মে কম্পিউটার অপারেটর উল্লেখ করেন। | প্রতি সপ্তাহে তথ্য বাতায়নের সব ধরনের তথ্য হালনাগাদ করতে হবে। | কম্পিউটার অপারেটর |
| ৪. | ক্রয় ও অন্যান্য বিল পরিশোধ | হিসাবরক্ষক জানান, ভিশন কম্পিউটার হতে কালির টোনার ক্রয়ের বিল ব্যতীত সকল পাওনাদি পরিশোধ করা হয়েছে। অক্টোবর/২২ পর্যন্ত জ্বালানী বিল চেকের মাধ্যমে পরিশোধ করা হয়েছে। ক্যাশবহি ও স্টক রেজিস্টার হালনাগাদ আছে। | ভিশন কম্পিউটার হতে কালির টোনার ক্রয়ের বিল দ্রুত পরিশোধ করতে হবে। জ্বালানী সরবরাহকারী প্রতিষ্ঠানের হালনাগাদ আয়কর সনদ ও জাতীয় পরিচয়পত্র পাওয়া গেলে জ্বালানী বিলের টাকা ইএফটি'র মাধ্যমে পরিশোধ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | হিসাবরক্ষক<br>হিসাবরক্ষণ অফিসার |
| ৫. | মেয়াদ উত্তীর্ণ কার্ড ফেরত | ০৪ নভেম্বর, ২০২২ পর্যন্ত ১১৯৬টি কার্ডের মেয়াদ শেষ হয়েছে। এরমধ্যে ফেরত পাওয়া গেছে ৫২৫টি আর ফেরত আসেনি ৬৭১টি। মেয়াদ উত্তীর্ণ কার্ড ফেরত চেয়ে ০৪/০১/২০২২ তারিখে ব্যাংকে তালিকাসহ পত্র প্রেরণ করা হয়েছে। | মেয়াদ উত্তীর্ণ কার্ড ফেরতের কাজ দ্রুত সম্পন্নের জন্য প্রয়োজনে ব্যাংকের সাথে টেলিফোনে আলাপ করতে হবে এবং জানুয়ারি/২০২৩ মাসে মেয়াদ উত্তীর্ণ কার্ড ফেরত চেয়ে পূনরায় পত্র পেরণ করতে হবে। | সহকারী কল্যাণ অফিসার, হিসাবরক্ষণ অফিসার |
| ৬. | কল্যাণ ভাতার হিসাবের রিকন্সাইল | হিসাবরক্ষণ অফিসার জানান, ডিসেম্বর/২০২১ পর্যন্ত ব্যাংকের সাথে রিকন্সাইল করা আছে। জানুয়ারি/২২ হতে ডিসেম্বর/২২ পর্যন্ত ব্যাংকের সাথে রিকন্সাইল করা হালনাগাদ করা প্রয়োজন। | জানুয়ারি/২২ হতে ডিসেম্বর/২২ পর্যন্ত ব্যাংকের সাথে রিকন্সাইল কাজ সম্পন্নের জন্য জানুয়ারি/২৩ মাসের মধ্যে ব্যাংকে তালিকা প্রেরণ করতে হবে। এ কাজে হিসাবরক্ষক ও কম্পিউটার অপারেটর সহযোগিতা করবেন। | হিসাবরক্ষণ অফিসার, হিসাবরক্ষক, কম্পিউটার অপারেটর |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | রিকন্সাইল সফ্টওয়্যার হালনাগাদকরণ | হিসাবরক্ষণ অফিসার সভায় অবহিত করেন যে, আগস্ট/২২ পর্যন্ত রিকন্সাইল সফ্টওয়ারে সকল ডাটা এন্ট্রি করা হয়েছে। পরবর্তি সময়ে অনুমোদিত কার্ডের তথ্য এন্ট্রি করা হয়নি। | রিকন্সাইল সফ্টওয়ারে ডাটা হালনাগাদের কাজ ২৭/১২/২০২২ এর মধ্যে সম্পন্ন করতে হবে। | কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী |
| ৮. | এ্যানালগ অনিষ্পন্ন আবেদনের হিসাব | কল্যাণভাতা, যৌথবীমা ও দাফন অনুদানের এ্যানালগ অনিষ্পন্ন আবেদনের সংখ্যাত্ত্বক হিসাব নিয়ে আলোচনা হয়।<br>সহকারী কল্যাণ অফিসার জানান, যৌথবীমার অনিষ্পন্ন আবেদনের সংখ্যাত্ত্বক হিসাব প্রনয়ণের কাজ শেষ হয়েছে এবং কল্যাণ ভাতা ও দাফন এর কাজ চলমান আছে। | কল্যাণভাতা, যৌথবীমা ও দাফন অনুদানের এ্যানালগ নিয়মের কতগুলো আবেদন অনিষ্পন্ন আছে তার তালিকা ডিসেম্বর/২২ মাসের মধ্যে অবশ্যই উপস্থাপন করতে হবে। তালিকা আবেদনের সালের ক্রমানুযায়ী হতে হবে। | সহকারী কল্যাণ অফিসার<br>উচ্চমান সহকারী |
| ৯. | ইএফটি ফেরত | হিসাবরক্ষক জানান, ২০২১-২০২২ অর্থবছরের শিক্ষাবৃত্তির অনুদানের ২৩জন আবেদনকারীর ব্যাংক হিসাবের তথ্য ভূল থাকায় তাদের ইএফটি ফেরত এসেছে। তাদের ব্যাংক হিসাবের সঠিক তথ্য দেয়ার জন্য ২৩/১০/২০২২ তারিখে এসএমএস প্রেরণ করা হয়েছে। তারমধ্যে ১৫ আবেদনকারী তাদের ব্যাংকের তথ্য প্রেরণ করায় তাদের ব্যাংক হিসাবে অনুমোদিত টাকার ইএফটি তালিকা পূনরায় ২৭/১১/২০২২খ্রি. তারিখে ব্যাংকে প্রেরণ করা হয়েছে। | যে ০৮টির জবাব এখনও পাওয়া যায়নি তাদের আবার এসএমএস প্রেরণ ও মোবাইলে কথা বলতে হবে এবং তা পূনরায় ইএফটির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | হিসাবরক্ষক |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

০৮/১২/২০২২

(মোঃ আজমল হোসেন)
পরিচালক
ফোন: ০২৯৯৬৬৪৩৪৪৭
E-mail: bkkb.sylhet@gmail.com

তারিখ: ০৮/১২/২০২২ খ্রি.

নং- ০৫.৮১.৯১০০.০০১.০১.০০৪.২১-৪৪

অনুলিপি: (প্রয়োজনীয় কার্যার্থে)

১. হিসাবরক্ষণ অফিসার (গ্রেড-২), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সিলেট।
২. সহকারী কল্যাণ অফিসার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সিলেট।
৩. হিসাবরক্ষক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সিলেট।
৪. কম্পিউটার অপারেটর, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সিলেট(ওয়োবসাইটে প্রকাশসহ)।
৫. উচ্চমান সহকারী, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সিলেট।
৬. অফিস কপি।

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

১. মহাপরিচালক (সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
২. পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (বিষয়টি পরিচালক মহোদয়কে সদয় অবহিতকরণের জন্য)।

০৮/১২/২০২২

(মোঃ আজমল হোসেন)
পরিচালক
ফোন: ০২৯৯৬৬৪৩৪৪৭
E-mail: bkkb.sylhet@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, সিলেট।

এ কার্যালয়ের ০৮/১২/২০২২খ্রি. রোজ বৃহস্পতিবার সকাল ১০.৩০ টায় অনুষ্ঠিত ১১ম সমন্বয় সভায় সদস্যদের উপস্থিতি:

| ক্রমিক নং | নাম, পদবী ও অফিস ঠিকানা | মোবাইল নম্বর | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ জুয়েল রানা<br>হিসাবরক্ষণ অফিসার<br>বা.ক.ক.বো, সিলেট। | ০১৭৩৮১৪৭৮২৭ | 08/12/22 |
| ২. | মোঃ আলমগীর হোসেন<br>সহকারী কল্যাণ অফিসার<br>বা.ক.ক.বো, সিলেট। | ০১৮৩৩২১৪২৯২ | 08/12/22 |
| ৩. | মোঃ কামাল উদ্দিন<br>হিসাবরক্ষক<br>বা.ক.ক.বো, সিলেট। | ০১৫৭১৭৩৮৩২৮ | 08/12/22 |
| ৪. | সমীর চন্দ্র দাস<br>কম্পিউটার অপারেটর<br>বা.ক.ক.বো, সিলেট। | ০১৮২৪৫৫৫১০০ | 08/12/22 |
| ৫. | জনাব আল-আমীন<br>উচ্চমান সহকারী<br>বা.ক.ক.বো, সিলেট। | ০১৭২৫৩৮১৮২৪ | 08/12/22 |

8/12/22